''ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd




নম্বর: ৫৯.১১.০০০০.১৫২.০৮.১৭৩(অংশ-২).২৬-২৬৮৮

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগষ্ট ২০২৬

## অফিস আদেশ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৫.০৩.২০২৬ খ্রিঃ তারিখের ৯৪৫ সংখ্যক স্মারকে কেয়া চৌধুরী, পরিবার কল্যাণ সহকারী, 'বি' ইউনিট, পাঁচলাইশ ইউনিয়ন, থানা পরিবার পরিকল্পনা কার্যালয়, পাঁচলাইশ, চট্টগ্রাম কে স্বামীর চিকিৎসাজনিত কারণে ভারত গমনের জন্য প্রকৃত ছুটি ভোগের তারিখ থেকে ১৫ (পনের) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ০৭.০৪.২০২৬ তারিখে ভারত গমন করেন। সংশ্লিষ্ট কর্মচারী ছুটিভোগ শেষে দেশে প্রত্যাবর্তনপূর্বক ১১.০৫.২০২৬ খ্রি. তারিখে কর্মস্থলে যোগদান করেন। তিনি মঞ্জুরীকৃত ছুটির অতিরিক্ত ২২.০৪.২০২৬ তারিখ হতে ১০.০৫.২০২৬ তারিখ পর্যন্ত মোট ১৯ (উনিশ) দিন ছুটি ভোগ করেছেন।

০২। এক্ষণে, উক্ত ছুটির ধারাবাহিকতায় কেয়া চৌধুরী, পরিবার কল্যাণ সহকারী, 'বি' ইউনিট, পাঁচলাইশ ইউনিয়ন, থানা পরিবার পরিকল্পনা কার্যালয়, পাঁচলাইশ, চট্টগ্রাম কে নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি ৩ (১)(ii) ও ৩(১) (iii) এবং বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি-১৫৯ মোতাবেক ২২.০৪.২০২৬ তারিখ হতে ৫.০৫.২০২৬ তারিখ ১৪ (চৌদ্দ) দিন গড় বেতনে এবং ০৬.০৫.২০২৬ তারিখ হতে ১০.০৫.২০২৬ তারিখ পযন্ত মোট ০৫ (পাঁচ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি ভূতাপেক্ষভাবে মঞ্জুর করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

০৬/০৮/২৬

(এরশাদ আহমেদ নোমানী)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন: +৮৮০২৫৫০১২৩৪৩

নম্বর: ৫৯.১১.০০০০.১৫২.০৮.১৭৩(অংশ-২).২৬-২৬৮৮/১(১৫)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগষ্ট ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম।
৩. থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পাঁচলাইশ, চট্টগ্রাম।
৪. সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাঁচলাইশ, চট্টগ্রাম।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদযের সদয় অবগতির জন্য]।
৭. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (প্রশাসন) মহোদয় এর সদয় অবগতির জন্য]।
৮. কেয়া চৌধুরী, পরিবার কল্যাণ সহকারী, 'বি' ইউনিট, পাঁচলাইশ ইউনিয়ন, থানা পরিবার পরিকল্পনা কার্যালয়, পাঁচলাইশ, চট্টগ্রাম।
৯. অফিস কপি।

০৬/০৮/২০২৬

(শোভন কুমার ঘোষ)
সহকারী পরিচালক (পার-১)
ফোন: +৮৮০২৫৫০১২৩৪৫